রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

ঋণ ও অগ্রিম বিভাগ-১

সার্কুলার নং-০৭/২০১৭ তারিখ : ৩০.০৮.২০১৭

বিষয় : ড্রাগন ফল ও স্ট্রবেরী চাষের জন্য চলতি পুঁজি ঋণ নীতিমালা।

রাকাবের ঋণ বিতরণ কর্মসূচিতে নতুন নতুন খাত অর্ন্তভুক্ত এবং কৃষি ঋণ বহুমুখীকরণের লক্ষ্যে বাণিজ্যিক ভিত্তিতে ড্রাগন ফল ও স্ট্রবেরী চাষে কৃষকদের উৎসাহিত করার লক্ষ্যে ড্রাগন ফল ও স্ট্রবেরী চাষ সংক্রান্ত ঋণ নিয়মাচার গত ২০.০৭.২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৫৮তম সভায় অনুমোদন করা হয়। আলোচ্য ঋণ নীতিমালার উল্লেখ্যযোগ্য বৈশিষ্ট্য (Criteria) নিম্নরূপ :

(১) ঋণ কর্মসূচির নাম :
ড্রাগন ফল ও স্ট্রবেরী চাষের জন্য চলতি পুঁজি ঋণ নীতিমালা।

(২) ঋণ কর্মসূচির উদ্দেশ্য :
বাণিজ্যিক ভিত্তিতে ড্রাগন ফল ও স্ট্রবেরী চাষ সম্প্রসারণ।

(৩) ঋণ প্রাপ্তির যোগ্যতা :

ক) ড্রাগন ফল ও স্ট্রবেরী চাষের সাথে যুক্ত আছেন অথবা আগ্রহী এমন উদ্যোক্তাগণ এ ঋণ পাওয়ার যোগ্য হবেন। এক্ষেত্রে মহিলা উদ্যোক্তারা প্রাধিকার পাবেন। নিজস্ব জমির পাশাপাশি লীজকৃত জমিতেও এ ঋণ সুবিধা বিবেচনা করা যাবে। তবে খেলাপী ঋণগ্রহীতাগণ এ ঋণের যোগ্য বিবেচিত হবেন না।

খ) লীজকৃত জমির ক্ষেত্রে নতুন ঋণ প্রস্তাব মূল্যায়নকালে যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর সম্পাদিত কমপক্ষে ৫ (পাঁচ) বছর মেয়াদের লীজচুক্তি থাকতে হবে। পরবর্তীতে ঋণটি নবায়ন বা বর্ধিতকরণসহ নবায়নের ক্ষেত্রে লীজচুক্তির মেয়াদ কমপক্ষে ঋণের মেয়াদ পর্যন্ত থাকলেই চলবে।

(৪) বাস্তবায়ন এলাকা :
রাকাবের আওতাধীন এলাকায় এ ঋণ কর্মসূচির মাধ্যমে ঋণ বিতরণ করা যাবে। প্রতিটি শাখার আওতাধীন এলাকার আগ্রহী উদ্যোক্তাগণ ঐ শাখা থেকে এ ঋণ সুবিধা গ্রহণ করতে পারবেন।

(৫) ঋণের আবেদন :
এ ঋণের জন্য বর্তমানে প্রচলিত চলতি পুঁজি ঋণের আবেদন ফরম (এল.এফ-৮) ব্যবহার করতে হবে। অর্থবছরের যে কোন সময় এ ঋণের জন্য আবেদন করা যাবে। এক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ২২.১২.২০১১ তারিখের সার্কুলার নং-১০/২০১১ মোতাবেক প্রতি হাজার টাকা ঋণ আবেদনের জন্য ৫.০০ টাকা হারে মূল্যায়ন ফি গ্রহণ করতে হবে।

(৬) ঋণ প্রস্তাব মূল্যায়ন ও প্রক্রিয়াকরণ :
শাখার মাঠ পর্যায়ে কর্মরত সুপারভাইজার/কর্মকর্তা নির্বিশেষে আলোচ্য ঋণ প্রস্তাব মূল্যায়ন/ প্রক্রিয়াকরণ করতে পারবেন।

(৭) ঋণসীমা নির্ধারণ :

ক) ড্রাগন ফল : এক বিঘা (৩৩ শতাংশ) জমিতে ড্রাগন ফল চাষের জন্য উৎপাদন ব্যয় ২,৩০,০০০/- টাকা, যার বিভাজন নিম্নরূপ : (টাকায়)

জমি চাষ	সুষম সার	বীজ/ চারা	সেচ	মাচা/ খুঁটি	কীটনাশক	শ্রমিক/ মজুরি	জমির ভাড়া/লীজ	অন্যান্য	মোট
১,০০০/-	৩৬,১২০/-	১৩,৫০০/-	৭,৫০০/-	৯০,০০০/-	৮,০০০/-	৫৩,৪০০/-	১৮,০০০/-	২,৪৮০/-	২,৩০,০০০/-

খ) স্ট্রবেরী : এক বিঘা (৩৩ শতাংশ) জমিতে স্ট্রবেরী চাষের জন্য উৎপাদন ব্যয় ৮০,০০০/- টাকা, যার বিভাজন নিম্নরূপ : (টাকায়)

জমি চাষ	সুষম সার	বীজ/ চারা	সেচ	মাচা/ খুঁটি	কীটনাশক	শ্রমিক/ মজুরি	জমির ভাড়া/লীজ	অন্যান্য	মোট
৩,০০০/-	৭,৪৫০/-	৪০,০০০/-	৩,০০০/-	১,৫০০/-	৩,০০০/-	১০,০০০/-	১০,০০০/-	২,০৫০/-	৮০,০০০/-

প্রাক্কলিত উৎপাদন ব্যয়ের নিরীখে ৭০ ঃ ৩০ ঋণ-ইকুইটি অনুপাতে ঋণের লিমিট (ঋণসীমা) নির্ধারণ করতে হবে।

(৮) ঋণ মঞ্জুরি ক্ষমতা :
এ খাতে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে নিম্নোক্ত ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগ করতে হবে : (লক্ষ টাকায়)

ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপক (পরিচালন)	মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)	উপ-মহাব্যবস্থাপক (জোনাল কার্যালয় প্রধান)/এলপিও / ঢাকা শাখা	সহকারী মহাব্যবস্থাপক (জোনাল কার্যালয় প্রধান)	শাখা ব্যবস্থাপক			
					সহকারী মহা-ব্যবস্থাপক	সিনিয়র প্রিন্সিপাল অফিসার	প্রিন্সিপাল অফিসার	সিনিয়র অফিসার/ অফিসার
২০০.০০	৩০.০০	২৫.০০	১২.০০	১২.০০	৪.০০	২.০০	১.০০	০.৫০

(৯) ঋণের জামানত :

ক) চলতি পুঁজি (হাইপো) ঋণের প্রচলিত নিয়ম অনুযায়ী ঋণাংকের ১.৫০ গুণ কভার করে নিরূপিত মূল্যের সহায়ক জামানত গ্রহণ করতে হবে। জামানত মূল্য নিরূপনের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ০৫.১১.২০১৩ তারিখের সার্কুলার নং-০৩/২০১৩ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

খ) সহায়ক জামানত প্রদানে অসমর্থ উদ্যোক্তার ক্ষেত্রে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ঋণের জন্য সহায়ক জামানতের প্রয়োজন হবে না। এক্ষেত্রে ঋণ খেলাপি নন এবং মঞ্জুরিকৃত ঋণ পরিশোধে সামর্থ্যবান ও ব্যাংকের কাছে গ্রহণযোগ্য ব্যক্তির নিকট থেকে ব্যক্তিগত নিশ্চয়তা (Personal Guarantee) গ্রহণ করতে হবে। তবে একই ব্যক্তির নিকট থেকে একাধিক ঋণের ব্যক্তিগত নিশ্চয়তা গ্রহণ করা যাবে না।

(১০) ঋণের ডকুমেন্টেশন :
চলতি পুঁজি ঋণের প্রচলিত নিয়মে এ ঋণের ডকুমেন্টেশন করতে হবে। ঋণ নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ২৯.০৩.২০১১ তারিখের সার্কুলার নং-০২/২০১১ এবং ০২.০৫.২০১২ তারিখের সার্কুলার লেটার নং-০৪/২০১২ অনুসরণ করতে হবে।

(১১) ঋণ বিতরণ :
মঞ্জুরিকৃত ঋণ নিরূপিত ড্রয়িং পাওয়ারের ভিত্তিতে ৭০ ঃ ৩০ অনুপাতে বিতরণযোগ্য হবে।

(১২) ঋণ পরিশোধসূচি ও সুদের হার :
আলোচ্য ঋণের মেয়াদ হবে মঞ্জুরি/নবায়নের তারিখ থেকে এক বছর। ঋণ আদায় নিশ্চিত করার জন্য ফল বাজারজাতকরণের সাথে সাথেই উদ্যোক্তাকে ঋণ পরিশোধে উদ্বুদ্ধ করতে হবে। এ ঋণের ক্ষেত্রে চলতি পুঁজি ঋণের প্রচলিত সুদ হার (বর্তমানে ১৩%) প্রযোজ্য হবে। ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য। ঋণগ্রহীতাগণের নিকট থেকে শুধুমাত্র সুদের টাকা আদায় করে লিমিট নবায়ন/বর্ধিতকরণসহ নবায়ন করা যাবে। তবে ঋণটি সন্দেহজনক / মন্দ মানে শ্রেণীকৃত হলে সম্পূর্ণ টাকা আদায় সাপেক্ষে শুধুমাত্র নবায়ন মঞ্জুরি কার্যকর করা যাবে। প্রসঙ্গত উল্লেখ্য, প্রচলিত নিয়ামানুযায়ী মঞ্জুরকারী কর্তৃপক্ষের একধাপ নিচের কর্তৃপক্ষ ঋণ নবায়ন করতে পারবেন।

(১৩) পরিদর্শন ও তদারকি :
ঋণের যথার্থতা ও সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে শাখা ব্যবস্থাপক ফলপ্রসু তদারকির যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও শাখা ব্যবস্থাপক ব্যক্তিগতভাবে এ সকল ঋণগ্রহীতার তালিকা ও কন্টাক্ট নম্বর সংরক্ষণ করবেন। এ খাতে বিতরণকৃত ঋণের টাকা কোন অবস্থাতেই শ্রেণীকৃত হতে দেয়া যাবে না।

(১৪) হিসাবায়ন ও রিপোর্টিং : চলতি পুঁজি ঋণ হিসাবের খাত থেকে এ ঋণ বিতরণ করতে হবে। এ খাতে বিতরণকৃত ঋণ চলমান (কৃষি) উপ-খাতে প্রদর্শন করতে হবে। মাঠ কার্যালয়সমূহ বিতরণকৃত ও আদায়কৃত ঋণের তথ্য সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করবে।

০২। এ ঋণ কর্মসূচি অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। এমতপ্রেক্ষিতে বর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক সংশ্লিষ্ট সকলকে ড্রাগনফল ও স্ট্রবেরী চাষের ঋণ বিতরণ কর্মসূচি সফলভাব বাস্তবায়ন করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৪। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৩০.০৮.২০১৭
(জগন্নাথ ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋওঅবি-১/৪৬/২০১৭-২০১৮/১৬৪(৪৪৪) তারিখ : ৩০.০৮.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :
০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

৩০.০৮.২০১৭
(মোঃ ছলিম উদ্দীন)
মুখ্য কর্মকর্তা